

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক বিশেষ বক্তৃতা ও প্রশিক্ষণ কর্মসূচি



তথ্য কমিশন বাংলাদেশের পৃষ্ঠপোষকতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের আয়োজনে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক বুধবার(০৮-০২-২০১৭) দিনব্যাপি বিশেষ বক্তৃতা ও “নাগরিক তথ্য অধিকার” শিরোনামে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ড. মিজানুর রহমানের সভাপতিত্বে আয়োজিত উক্ত বক্তৃতা ও প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান। উক্ত কর্মসূচিতে বিশেষজ্ঞ প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন বিশেষ অতিথি মাননীয় তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ

সেলিম ভুঁইয়া ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের দিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল।
গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হেলেনা ফেরদৌসীর আহবায়নে বিশেষ
বক্তৃতা অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রায় চার শতাধিক শিক্ষক, কর্মকর্তা, সাংবাদিক ও ছাত্রছাত্রী
অংশগ্রহণ করেন এবং ৫০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

স্বাঃ-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন: ০২-৯১৩৭৩৩২

মো: ০১৭১০৪৩৭২৬৬

ই-মেইল: pro@infocom.gov.bd